
# আফ্রিকা মহাদেশ




**আফ্রিকা মহাদেশের অঞ্চল ভিত্তিক ৫৪ টি স্বাধীন দেশ**

| অঞ্চল | সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| উত্তর আফ্রিকা | ৭ টি | ১. আলজেরিয়া<br>২. তিউনিশিয়া | ৩. মিসর<br>৪. সুদান | ৫. লিবিয়া<br>৬. দক্ষিণ সুদান<br>৭. মরক্কো |
| পূর্ব আফ্রিকা | ১৩ টি | ১. উগান্ডা<br>২. রুয়ান্ডা<br>৩. বুরুন্ডি<br>৪. কমোরুস<br>৫. কেনিয়া | ৬. জিম্বাবুয়ে<br>৭. জাম্বিয়া<br>৮. মাদাগাস্কার<br>৯. মালাউই | ১০. মরিশাস<br>১১. মোজাম্বিক<br>১২. সিচেলিস<br>১৩. তাঞ্জানিয়া |
| উত্তর-পূর্ব আফ্রিকা | ৪ টি | ১. সোমালিয়া<br>২. ইরিত্রিয়া | ৩. ইথিওপিয়া<br>৪. জিবুতি | |
| মধ্য আফ্রিকা | ৯ টি | ১. অ্যাঙ্গোলা<br>২. ক্যামেরুন<br>৩. কঙ্গো<br>৪. কঙ্গো প্রজাতন্ত্র | ৫. নিরক্ষীয় গিনি<br>৬. গ্যাবন<br>৭. চাদ | ৮. সাওটোমে অ্যান্ড প্রিন্সিপি<br>৯. মধ্য আফ্রিকা প্রজাতন্ত্র |
| দক্ষিণ আফ্রিকা | ৫ টি | ১. ইসোয়াতিনি<br>২. দক্ষিণ আফ্রিকা | ৩. নামিবিয়া<br>৪. বতসোয়ানা | ৫. লেসেথো |
| পশ্চিম আফ্রিকা | ১৬ টি | ১. আইভরি কোস্ট<br>২. ঘানা<br>৩. টোগো<br>৪. সেনেগাল<br>৫. বেনিন<br>৬. কেপভার্দে | ৭. গিনি<br>৮. গিনি বিসাউ<br>৯. গাম্বিয়া<br>১০. বারকিনাফাসো<br>১১. সিয়েরা লিওন | ১২. মালি<br>১৩. মৌরিতানিয়া<br>১৪. লাইবেরিয়া<br>১৫. নাইজেরিয়া<br>১৬. নাইজার |

**নোট:** সোয়াজিল্যান্ডের নাম পরিবর্তন করে রাখা হয়েছে 'ইসওয়াতিনি'।



Scanned with CamScanner

# দক্ষিণ আফ্রিকা

আফ্রিকা মহাদেশের দক্ষিণে অবস্থিত। দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রীয় সীমানার অভ্যন্তরে লেসেথো নামে একটি সার্বভৌম রাষ্ট্র আছে। ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানির লোকের ১৬৫২ সালে দক্ষিণ আফ্রিকার **Cape of Good Hope** বা **'উত্তমাশা অন্তরীপে'** প্রথম উপনিবেশ স্থাপন করে। **ইউরোপের বাইরে সারা পৃথিবীতে শ্বেতাঙ্গদের এই প্রথম উপনিবেশ।** ১৯১০ সালে ব্রিটিশ উপনিবেশগুলি একত্রিত হয়ে গঠিত হয় 'ইউনিয়ন অব সাউথ আফ্রিকা'। ১৯৪৮ সালের নির্বাচনে শেতাঙ্গদের দল 'ন্যাশনাল পার্টি' থেকে ডি. এফ. মালান প্রধানমন্ত্রী নির্বাচিত হলে তার কর্মসূচিতে 'বর্ণবাদ নীতি' গৃহীত হয়। অর্থাৎ **'বর্ণবাদ নীতি' বা Apartheid চালু হয় ১৯৪৮ সালে।** যাতে শাসন ব্যবস্থা সম্পূর্ণরূপে শ্বেতাঙ্গদের দখলে থাকে এবং কৃষ্ণাঙ্গদের সকল রাজনৈতিক ও সামাজিক অধিকার থেকে বঞ্চিত রাখা হয়।

## বর্ণবাদ নীতি (Apartheid)



দ. আফ্রিকায় বর্ণবাদ নীতির প্রবক্তা জেমস হার্জগ।

- **Apartheid অর্থ-** পৃথকীকরণ।
- **দ. আফ্রিকায় 'বর্ণবাদ নীতি' চালু হয়-** ১৯৪৮ সালে।
- **বর্ণবাদ নীতির সময়কাল-** ১৯৪৮-১৯৯৪ সাল।
- **বর্ণবাদ নীতি প্রচলিত ছিল-** দক্ষিণ আফ্রিকায়।
- **দ. আফ্রিকায় বর্ণবাদ নীতির প্রবক্তা-** জেমস হার্জগ।
- **বর্ণবৈষম্যবিরোধী আন্দোলন করেন-** নেলসন ম্যান্ডেলা।
- **দ. আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ রাষ্ট্রপতি-** এফ.ডব্লিউ.ডি. ক্লার্ক।
- **দ. আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ রাষ্ট্রপতি-** নেলসন ম্যান্ডেলা (১৯৯৪)।
- **দ. আফ্রিকায় শ্বেতাঙ্গ শাসনের অধীনে ছিল-** ৩৪২ বছর (১৬৫২-১৯৯৪)।

## African National Congress (ANC)

- **ANC-** দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গদের প্রথম রাজনৈতিক সংগঠন।
- **ANC গঠিত হয়-** ৮ জানুয়ারি, ১৯১২ সালে; ব্লুম ফন্টেইন শহরে।
- **ANC কে নিষিদ্ধ ঘোষণা করা হয়-** ১৯৬০ সালে
- **ANC থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়-** ১৯৯০ সালে।
- **যে ভারতীয় ANC এর নেতা ছিলেন-** মহাত্মা গান্ধী।

## কমনওয়েলথ ত্যাগ

- **বর্ণবাদ নীতি নিয়ে সমালোচনার জেরে দ. আফ্রিকা কমনওয়েলথ ত্যাগ করে-** ১৯৬১ সালে।
- **দক্ষিণ আফ্রিকা পুনরায় কমনওয়েলথে যোগদান করে-** ১ জুন, ১৯৯৪ সালে।



Scanned with CamScanner

# নেলসন মেন্ডেলা



- জন্ম- ১৮ জুলাই, ১৯১৮।
- ম্যান্ডেলা দিবস- ১৮ জুলাই।
- জন্মস্থান- দ. আফ্রিকার ইস্টার্ন কেপের কুনু গ্রামে।
- মৃত্যু- ০৫ ডিসেম্বর, ২০১৩।
- সমাধি ক্ষেত্র- কুনু গ্রাম, ইস্টার্ন কেপ, দ. আফ্রিকা।
- রাজনৈতিক দল- ANC.
- ANC তে যোগদান- ১৯৪৩ সালে।
- অন্য নাম- মাদিবা, তাতা, খুলু, ডালিভুঙ্গা ও রোলিহলাহলা।
- 'আফ্রিকার গান্ধী' বলা হয়- নেলসন ম্যান্ডেলাকে।
- নাশকতামূলক কার্যক্রমের সাথে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার- ১৯৬২ সালে।
- নির্বাসন- সেন্ট রোবেন দ্বীপে ১৯৬৪ সালে।
- নেলসন ম্যান্ডেলা কারারুদ্ধ ছিলেন- ১৯৬৪-১৯৯০ সাল পর্যন্ত।
- রোবেন দ্বীপ থেকে পোলসমুর কারাগারে প্রেরণ- ১৯৮২ সালে।
- সেন্ট রোবেন দ্বীপ অবস্থিত- আটলান্টিক মহাসাগরে।
- মুক্তিলাভ করেন- ১৯৯০ সালে।
- কারাভোগ করেন- দীর্ঘ ২৭ বছর।
- কয়েদি নাম্বার- ৪৬৬৬৪।

> ১৯৬৪ সালের '৬৪' আর ম্যান্ডেলা ছিলেন '৪৬৬' নং কয়েদি। এই দুইয়ের সমন্বয়ে এইডস বিরোধী প্রচারণার সাংকেতিক নাম '৪৬৬৬৪'।

- তাঁর এইডস বিরোধী প্রচারণার সাংকেতিক নাম- ৪৬৬৬৪।
- শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট এফ.ডব্লিউ.ডি. ক্লার্কের সাথে যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন- ১৯৯৩ সালে।
- নির্বাচনে জয়লাভ- ১৯৯৪ সালে।
- ক্ষমতায় ছিলেন- ১৯৯৪-১৯৯৯ সাল পর্যন্ত।
- রাজনীতি থেকে অবসর- ১৯৯৯ সালে।
- বাংলাদেশে আগমন- ২৬ মার্চ, ১৯৯৭ সালে।
- বাংলাদেশে আগমনের সময় সফর সঙ্গী ছিলেন- ইয়াসির আরাফাত (১৯৯৭)।
- প্রতিষ্ঠাতা- Say YES for the children.
- ম্যান্ডেলা স্কয়ার অবস্থিত- প্যারিস, ফ্রান্সে।
- উল্লেখযোগ্য গ্রন্থ-
  ■ Long Walk to Freedom ■ Conversation with Myself.
- বিখ্যাত উক্তি- Education is the most powerful weapon which you can use to change the world.
- ম্যান্ডেলাকে নিয়ে নির্মিত চলচ্চিত্র- দ্যা হিউম্যান ফ্যাক্টর।



Scanned with CamScanner



এফ.ডব্লিউ. ডি ক্লার্ক

- দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট।
- ১৯৮৯ সালে দ. আফ্রিকার বর্ণ বৈষম্য নীতির অবসান ঘটান।
- ১৯৯৩ সালে নেলসন মেন্ডেলার সাথে যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।



ডেসমন্ড টুটু

- দক্ষিণ আফ্রিকান ধর্মযাজক ও অধিকার আন্দোলন কর্মী।
- নেলসন ম্যান্ডেলা কারাগারে বন্দী থাকাকালীন সময়ে শেতাঙ্গদের 'বর্ণবাদ নীতির' বিরুদ্ধে সোচ্চার হন।
- ১৯৮৪ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

## দক্ষিণ আফ্রিকার রাজধানী

- দক্ষিণ আফ্রিকার রাজধানী- তিনটি।
  - প্রশাসনিক রাজধানী- প্রিটোরিয়া।
  - আইনসভা রাজধানী- কেপটাউন।
  - বিচার বিভাগীয় রাজধানী- ব্লুমফন্টেইন।



জুলু কুলু

দক্ষিণ আফ্রিকার প্রধান আদিবাসী

## স্বর্ণ খনি ও হীরক খনি

- স্বর্ণ খনির জন্য বিখ্যাত- জোহান্সবার্গ।
- হীরক খনির জন্য বিখ্যাত- কিম্বার্লি।

## বিবিধ প্রসঙ্গ

- Cape of Good Hope বা 'উত্তমাশা অন্তরীপ' অবস্থিত- দক্ষিণ আফ্রিকায়।
- 'রেইনবো নেশন' বলা হয়- দক্ষিণ আফ্রিকাকে।
- দক্ষিণ আফ্রিকার প্রধান আদিবাসী- জুলু এবং কুলু।
- আফ্রিকার মধ্যদেশের একমাত্র শিল্পোন্নত দেশ- দক্ষিণ আফ্রিকা।
- 'ইস্ট লন্ডন'- দক্ষিণ আফ্রিকায় অবস্থিত একটি নদী বন্দর।

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

১. **লং ওয়াক টু ফ্রিডম গ্রন্থের রচয়িতা-** (DU খ' ১৬-১৭)
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খ) নেলসন ম্যান্ডেলা
গ) মাহাথির মোহাম্মদ ঘ) জওহরলাল নেহরু

২. **'বর্ণবাদ নীতি' কোথায় প্রচলিত ছিল?** (DU ঘ' ০২-০৩)
ক) দক্ষিণ আফ্রিকা খ) রুয়ান্ডা গ) জিম্বাবুয়ে ঘ) পাপুয়া নিউগিনি

৩. **দক্ষিণ আফ্রিকার শেষ শ্বেতাঙ্গ প্রেসিডেন্ট-** (DU খ' ০২-০৩; ৯৭-৯৮)
ক) ডি. ক্লার্ক খ) পিটার বোথা গ) ড. মালান ঘ) ফরস্টার

৪. **দক্ষিণ আফ্রিকার প্রধান আদিবাসীদের নাম কী?** (DU খ' ০১-০২)
ক) আফ্রিদি খ) জুলু গ) কুর্দি ঘ) মাসাই

### বি সি এস

৫. **দক্ষিণ আফ্রিকা কত বছর শ্বেতাঙ্গ শাসনে ছিল?** (28 BCS)
ক) ৩০০ বছর খ) ৩৩৫ বছর গ) ৩৪২ বছর ঘ) ৫০০ বছর

৬. **নেলসন ম্যান্ডেলার রাজনৈতিক দলের নাম কী?** (21 BCS)
ক) ইনকাথা ফ্রিডম পার্টি খ) ন্যাশনালিস্ট পার্টি
গ) আফ্রিকান সোস্যালিস্ট পার্টি ঘ) আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস

৭. **East London কোথায় অবস্থিত?** (29 BCS)
ক) ইংল্যান্ডে খ) জার্মানিতে গ) আমেরিকায় ঘ) দক্ষিণ আফ্রিকা

৮. **Long walk to Freedom গ্রন্থটির লেখক কে?** (24 BCS)
ক) আইয়ুব খান খ) ইন্দিরা গান্ধী গ) বিল ক্লিনটন ঘ) নেলসন ম্যান্ডেলা

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

৯. **আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস যে দেশের রাজনৈতিক দল?** (জবি ঘ' ০৭-০৮)
ক) ঘানা খ) কঙ্গো গ) দ. আফ্রিকা ঘ) কেনিয়া

১০. **কোন দেশকে 'রেইনবো নেশন' বলা হয়?** (যবিপ্রবি ১৭-১৮)
ক) জাপান খ) নরওয়ে গ) দ. আফ্রিকা ঘ) মিশর

১১. **পেশাগত দিক থেকে ডেসমন্ড টুটু-** (জাবি সি৩' ১৫-১৬)
ক) ধর্মযাজক খ) বর্ণবাদ বিরোধী নেতা
গ) রাজনৈতিক নেতা ঘ) মানবাধিকার কর্মী

১২. **নেলসন ম্যান্ডেলা কারারুদ্ধ ছিলেন-** (জাবি সি৩' ১৫-১৬)
ক) ১৯৬০-১৯৯০ খ) ১৯৬০-১৯৯৪
গ) ১৯৬৪-১৯৯০ ঘ) ১৯৬৪-১৯৯৪

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. খ | ২. ক | ৩. ক | ৪. খ | ৫. গ | ৬. ঘ | ৭. ঘ | ৮. ঘ |
| ৯. গ | ১০. গ | ১১. ক | ১২. গ | | | | |




Scanned with CamScanner

# মিশর

**'নীল নদের দান'** হিসেবে পরিচিত উত্তর-পূর্ব আফ্রিকার দেশ মিশর। **১৮৮২** সালে ব্রিটিশ সেনারা মিশর দখল করে নেয়। **১৯৫২ সাল পর্যন্ত মিশর ব্রিটিশ উপনিবেশ ছিল।** ১৯২২ সালে নামমাত্র স্বাধীনতা লাভ করলেও ব্রিটিশ সেনারা মিশরে থেকে যায়। পরবর্তীতে জামাল আবদেল নাসেরের নেতৃত্বে **১৯৫২** সালে এক বিপ্লবের মধ্যদিয়ে মিশরে রাজতন্ত্রের অবসান ঘটে এবং প্রজাতন্ত্র মিশর হিসেবে প্রতিষ্ঠিত হয়। প্রথম আরব দেশ হিসেবে **ইসরাইলকে স্বীকৃতি দেয় মিশর।** আয়তন ও জনসংখ্যায় কায়রো মিশর তথা আফ্রিকার বৃহত্তম শহর।

## বিশেষ তথ্য




**'নীল নদের দান' মিশর**

- **মিশর উপনিবেশ ছিল-** ব্রিটেনের।
- **মিশরে রাজতন্ত্রের অবসান ঘটে-** ১৯৫২ সালে।
- **সুয়েজ খাল জাতীয়করণ করে-** ১৯৫৬ সালে।
- **বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'আল আমিন' অবস্থিত-** মিশরে।
- **মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল-** নীল নদের তীরে।
- **'তাহরির স্কয়ার' অবস্থিত-** কায়রো, মিশর।
- **'পোর্ট সৈয়দ' সমুদ্র বন্দর-** মিশরে।
- **'শারম-আল-শেখ' হলো-** মিশরের অবকাশ কেন্দ্র।
- **আলেকজান্দ্রিয়া বন্দর অবস্থিত-** মিশরে (ভূ-মধ্যসাগরের তীরে)।
- **মিশরের দ্বিতীয় বৃহত্তম শহর ও প্রধান সমুদ্র বন্দর-** আলেকজান্দ্রিয়া।
- **আলেকজান্দ্রিয়া বিখ্যাত-** বাতিঘরের জন্য।
- **'ভ্যালি অব কিংস' যে দেশে অবস্থিত-** মিশর।
- **বিশ্বের দীর্ঘতম জাহাজ চলাচলকারী কৃত্রিম খাল-** সুয়েজ খাল।
- **আয়তনে ও জনসংখ্যায় আফ্রিকার বৃহত্তম শহর-** কায়রো, মিশর।
- **মিশরের ইসলামপন্থী সংগঠন মুসলিম ব্রাদারহুডের রাজনৈতিক দলের নাম-** ফ্রিডম অ্যান্ড জাস্টিস পার্টি।
- **মুসলিম ব্রাদারহুডের অন্য নাম-** ইখওয়ান আল মুসলিমিন।
- **মিশর ও সিরিয়া সংযুক্ত আরব প্রজাতন্ত্র গঠন করে-** ১ ফেব্রুয়ারি, ১৯৫৮ সালে।
- **মিশরের প্রধান গোয়েন্দা সংস্থার নাম-** মুখবরাত।

## শাসনের ধারাবাহিকতা

- **মিশরের প্রথম সামরিক শাসক বা প্রথম প্রেসিডেন্ট ছিলেন-** মোহাম্মদ নাগীব।
- **মোহাম্মদ নাগীবকে উৎখাত করে ক্ষমতায় আসেন-** কর্নেল জামাল আবদেল নাসের।
- **নাসের মারা গেলে ক্ষমতায় আসেন-** আনোয়ার আল সাদাত ১৯৭০ সালে।
- **সাদাত নিহত হন- ১৯৮১ সালে** এবং **পরবর্তী প্রেসিডেন্ট হন-** হোসনী মোবারক।



Scanned with CamScanner

## সুয়েজ খাল

- **সুয়েজ খাল খননের উদ্যোক্তা-** ফরাসি প্রকৌশলী ফার্ডিনান্দ ডি লেসেপ্স।
- **সুয়েজ খাল নির্মাণ কাজ শুরু হয়-** ১৮৫৯ সালে।
- **সুয়েজ খাল নির্মাণ কাজ শেষ হয়-** ১৮৬৯ সালে।
- **নৌযান চলাচলের জন্য খুলে দেয়া হয়-** ১৮৬৯ সালে।
- **জাতীয়করণ করা হয়-** ১৯৫৬ সালে।
- **সংযুক্ত করে-** ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে।
- **ইসরাইলের সাথে যুদ্ধের কারণে খালটি বন্ধ ছিল-** ১৯৫৬-১৯৫৭ সাল পর্যন্ত।
- **১৯৬৭ সালে আরব-ইসরায়েল যুদ্ধের পর খালটা পুনরায় বন্ধ হয়ে গেলে চালু হয়-** ১৯৭৫ সালে।
- **'Highway to India' বলা হয়-** সুয়েজ খালকে।




**সুয়েজ খাল যুক্ত করে লোহিত সাগরের সাথে ভূমধ্যসাগরকে**




**পূর্বে এশিয়া হতে ইউরোপে যেতে আফ্রিকা মহাদেশ ঘুরে যেতে হত। সুয়েজ খাল খননের ফলে এখন আর আফ্রিকা ঘুরে যেতে হয় না**

## রাণী ক্লিওপেট্রা

মিশরের বিখ্যাত **'টলেমি বংশের'** ছেলে সন্তানদের নামের শেষে **'টলেমি'** এবং কন্যা সন্তানদের নামের শেষে **'ক্লিওপেট্রা'** নামটি জুড়ে দেয়া হত।

ইতিহাস বিখ্যাত ও আলোচিত যে ক্লিওপেট্রার নাম আমরা জানি তিনি হলেন মিশর শাসনকারী টলেমি বংশের শেষ শাসক দ্বাদশ টলেমির কন্যা **সপ্তম ক্লিওপেট্রা**। তিনি ইতিহাসে **'সার্পেন্ট অব দ্য নাইল'** বা **'নীলনদের সর্প'** নামে পরিচিত।



**রাণী ক্লিওপেট্রা**



Scanned with CamScanner

# বিখ্যাত ব্যক্তিত্ব

| | |
|---|---|
| <br>হাসান আল বান্না | ◆ মিশরীয় সামাজিক ও রাজনৈতিক সংস্কারক ছিলেন।<br>◆ **তার প্রতিষ্ঠিত দল- 'মুসলিম ব্রাদারহুড'**<br>◆ **'মুসলিম ব্রাদারহুড' প্রতিষ্ঠা করেন- ১৯২৮ সালে।** |
| <br>জামাল আবদেল নাসের | ◆ মিশরের দ্বিতীয় প্রেসিডেন্ট ছিলেন (১৯৫৬-১৯৭০)।<br>◆ মোহামেদ নাগিবকে উৎখাত করে ক্ষমতায় আসেন।<br>◆ ১৯৫৬ সালে সুয়েজ খাল থেকে ইঙ্গ-ফরাসিদের বিতাড়িত করেন।<br>◆ ১৯৫৬ সালে সুয়েজ খাল জাতীয়করণ করেন।<br>◆ আরব-ইসরাইল ৩য় যুদ্ধ (১৯৬৭) সংঘটিত হয় তার শাসনকালে। |
| <br>আনোয়ার সাদাত | ◆ মিশরের তৃতীয় প্রেসিডেন্ট ছিলেন (১৯৭০-১৯৮১)।<br>◆ আরব-ইসরাইল ৪র্থ যুদ্ধ (১৯৭৩) সংঘটিত হয় তার শাসনকালে।<br>◆ ১৯৭৮ সালে ইসরাইলের সাথে **'ক্যাম্প ডেভিড চুক্তি'** স্বাক্ষর করেন।<br>◆ ১৯৭৮ সালে প্রথম মুসলিম হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। |
| <br>হোসনি মুবারক | ◆ মিশরের চতুর্থ প্রেসিডেন্ট ছিলেন (১৯৮১-২০১১)।<br>◆ **গণআন্দোলনের মুখে তার পতন ঘটে- ১১ ফেব্রুয়ারি, ২০১১।**<br>◆ **'মিশর বিপ্লব'** নামে খ্যাত গণআন্দোলনের কেন্দ্রবিন্দু ছিল- তাহরির স্কয়ার।<br>◆ **তিনি শাসন ক্ষমতায় ছিলেন-** ৩০ বছর। |
| <br>মুহাম্মাদ মুরসি | ◆ মিশরের পঞ্চম প্রেসিডেন্ট ছিলেন (২০১২-২০১৩)<br>◆ **তার রাজনৈতিক দল-** 'মুসলিম ব্রাদারহুড'।<br>◆ ২০১৯ সালে মিসরের একটি আদালতে মৃত্যুবরণ করেন |



Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**০১. 'সার্পেন্ট অব দি নাইল' কে?** [DU খ' ২৩-২৪]
ক) ক্লিওপেট্রা খ) নেফারতিতি গ) এলিজাবেথ ঘ) হেলেন

**০২. 'তাহরির স্কয়ার' কোথায় অবস্থিত?** (DU খ'-১৬-১৭; 34 BCS)
ক) সিউল খ) আম্মান গ) কায়রো ঘ) তেহরান

**০৩. মুসলিম ব্রাদারহুড কোন সালে প্রতিষ্ঠিত হয়?** (DU ঘ' ১২-১৩)
ক) ১৯২৫ খ) ১৯২৬ গ) ১৯২৭ ঘ) ১৯২৮

**০৪. মিসরের প্রেসিডেন্ট ড. মুরসির দলের নাম কী ছিল-** (DU খ' ১২-১৩)
ক) জাস্টিস এন্ড ডেভেলপমেন্ট পার্টি খ) এ কে পি
গ) মুসলিম ব্রাদারহুড ঘ) বাথ পার্টি

**০৫. মিশর যে দেশের উপনিবেশ ছিল?** (DU খ'-০৬-০৭)
ক) জার্মানি খ) নেদারল্যান্ড গ) পর্তুগাল ঘ) ব্রিটেন

### বি সি এস

**০৬. মিসর সুয়েজখাল জাতীয়করণ করেছিল-** (12 BCS)
ক) ১৯৫৬ সালে খ) ১৯৫৫ সালে গ) ১৯৫৪ সালে ঘ) ১৯৫৩ সালে

### অন্যান্য বিশ্ববিদ্যালয় ও অন্যান্য চাকুরির পরীক্ষা

**০৭. নিম্নের কোন দেশটি ভূমধ্যসাগরের তীরে অবস্থিত?** (চবি বি' ১৩-১৪)
ক) রোমানিয়া খ) চেক প্রজাতন্ত্র গ) মিসর ঘ) পোল্যান্ড

**০৮. আনোয়ার সাদাত কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?** (উপজেলা মহিলা কর্মকর্তা-০৫)
ক) মিসর খ) লেবানন গ) বেনিন ঘ) সুদান

**০৯. মিসর ও সিরিয়া কত সালে একত্রিত হয়ে ইউনাইটেড আরব রিপাবলিক গঠন করেছিল?** (বেসামরিক বিমান মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-০৫)
ক) ১৯৪৭ খ) ১৯৫২ গ) ১৯৫৩ ঘ) ১৯৫৮

**১০. ব্রাদারহুড কোন দেশের রাজনৈতিক দল?** (৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধন- ১২)
ক) পাকিস্তান খ) সিরিয়া গ) মিশর ঘ) ভারত

**১১. মিশরে রাজতন্ত্রের অবসান ঘটে কবে?** (আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট- ০৫)
ক) ১৯৫০ সনে খ) ১৯৫২ সনে গ) ১৯৫৩ সনে ঘ) ১৯৫৫ সনে

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. ক | ২. গ | ৩. ঘ | ৪. গ | ৫. ঘ | ৬. ক | ৭. গ | ৮. ক |
| ৯. ঘ | ১০. গ | ১১. খ | | | | | |




Scanned with CamScanner

# আফ্রিকা মহাদেশের অন্যান্য দেশ

## লিবিয়া

- লিবিয়া শব্দের অর্থ- একটি বর্বর আদিবাসী।
- 'গ্রিন স্কয়ার' বা 'শহিদ চত্বর' অবস্থিত- ত্রিপোলি, লিবিয়া।
- 'বেনগাজি'- লিবিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর।
- 'অপারেশন ওডিসি ডন'- লিবিয়ার গৃহযুদ্ধের সময় জাতিসংঘ ও ন্যাটোর অভিযান (২০১১)।



মুয়াম্মার গাদ্দাফি

- ক্ষমতায় আসেন- ১৯৬৯ সালে অভ্যুত্থানের মাধ্যমে।
- ক্ষমতা দখল করেন- রাজা ইদ্রিসকে সরিয়ে।
- শাসনের অবসান ঘটে- ২০১১ সালে।
- শাসন ক্ষমতায় ছিলেন- ৪২ বছর।
- তাঁর বাসভবন ও প্রশাসনিক দপ্তর ছিল- 'বাব আল-আজিজিয়া'।
- আত্মজীবনীমূলক গ্রন্থ- The Green Book
- ন্যাটো বাহিনীর হামলায় নিহত হন- ২০১১ সালে; সিরতে।

## তিউনিশিয়া

- 'আরব বসন্ত'- আরবের বিভিন্ন দেশের গণজাগরণ।
- 'আরব বসন্ত' (Arab Spring)-এর সূতিকাগার বা সূচনা হয়- তিউনিশিয়া।
- আরব বসন্তের সূচনা হয়- ১৭ ডিসেম্বর, ২০১০ সালে। [সূত্র: আল-জাজিরা]
- তিউনিশিয়ায় জুঁই বিপ্লব ঘটে- ১৪ জানুয়ারি, ২০১১ সালে।
- আরব বিশ্বের প্রথম নেতা হিসেবে গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হন- জাইন এল আবেদিন বেন আলী (২০১১ সালে)।

## মরক্কো

- উত্তর আফ্রিকার একটি রাষ্ট্র।
- 'কাসাব্লাংকা' হলো- মরক্কোর প্রধান বন্দর।
- বিখ্যাত পর্যটক ইবনে বতুতা ছিলেন- মরক্কোর নাগরিক।

## আলজেরিয়া

- আয়তনে আফ্রিকা মহাদেশের বৃহত্তম দেশ- আলজেরিয়া।
- আলজেরিয়ার স্বাধীনতা সংগ্রামে নেতৃত্ব দিয়েছিলেন- আহমেদ বেনবেল্লা।

## সুদান

- সুদান শব্দের অর্থ- কৃষ্ণাঙ্গদের ভূমি; রাজধানী- খার্তুম।
- সুদান স্বাধীনতা লাভ করে- ১ জানুয়ারি, ১৯৫৬ সালে (ব্রিটেনের কাছ থেকে)।
- ব্লু নীল ও হোয়াইট নীল মিলিত হয়েছে- সুদানে; খার্তুম শহরের কাছে।
- আফ্রিকার গোলযোগপূর্ণ 'দারফুর' শহরটি অবস্থিত- সুদানে।
- 'জানজাবিদ' মিলিশিয়া গোষ্ঠীর অবস্থান- সুদানে।
- জাস্টিস অ্যান্ড ইকুয়ালিটি মুভমেন্ট হলো- সুদানের একটি বিদ্রোহী সংগঠন।
- Home of the Fur নামে পরিচিত- সুদানের দারফুর অঞ্চল।

## দক্ষিণ সুদান

- দক্ষিণ সুদান স্বাধীনতা লাভ করে- সুদানের কাছ থেকে; ২০১১ সালে।
- দক্ষিণ সুদানকে প্রথম স্বীকৃতি দেয়- সুদান।
- স্বাধীনতা আন্দোলনের নেতা- জন গারাং।
- জন গারাং এর দলের নাম- সুদান পিপলস্ লিবারেশন মুভমেন্ট।
- পৃথিবীর সর্বশেষ এবং ১৯৫তম স্বাধীন দেশ।
- দক্ষিণ সুদান জাতিসংঘের সদস্যপদ লাভ করে- ১৪ জুলাই, ২০১১।
- 'আবেয়ী' হলো- দুই সুদানের মাঝে বিরোধপূর্ণ তেলসমৃদ্ধ অঞ্চল।
- আবেয়ীকে বলা হয়- আফ্রিকার কাশ্মীর।
- দক্ষিণ সুদানের রাজধানীর নাম- জুবা; হোয়াইট নীল নদীর তীরে অবস্থিত।
- ভৌগোলিক উপনাম- পূর্ব আফ্রিকার রুটির ঝুড়ি।
- দক্ষিণ সুদান রাষ্ট্রটি- স্থলবেষ্টিত।

## ঘানা

- স্বাধীনতা লাভ করে- ১৯৫৭ সালে; যুক্তরাজ্য থেকে।
- স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন- কোয়ামে নক্রুমা।
- ঘানার প্রধান জনগোষ্ঠীর নাম- আকান।
- 'বাংলাদেশ স্ট্রীট' নামে একটি সড়কের নামকরণ করা হয়- আইভরি কোস্টে।



Scanned with CamScanner

## ইথিওপিয়া

- ইথিওপিয়ার পূর্বনাম- আবিসিনিয়া।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে আফ্রিকার স্বাধীন দেশের সংখ্যা ছিল- ৩ টি।
  - লাইবেরিয়া
  - ইথিওপিয়া
  - মিসর
- প্রথম বিশ্বযুদ্ধের আগে আফ্রিকার স্বাধীন ছিল- ১ টি দেশ (লাইবেরিয়া)।

## সিয়েরা লিওন

- সিয়েরা লিয়ন নামটির অর্থ- 'সিংহ পর্বত'।
- 'ফ্রিটাউন'- সিয়েরা লিওনের রাজধানী।
- RUF নামক গেরিলা গ্রুপটি যে দেশের- সিয়েরা লিয়ন।
- বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে- সিয়েরা লিয়ন।
- বাংলাদেশের নামে একটি রাস্তার নাম রাখা আছে- সিয়েরা লিওনে।

## লাইবেরিয়া

- স্বাধীনতা লাভ করে- ১৮৪৭ সালে; যুক্তরাষ্ট্র থেকে।
- আফ্রিকার সবচেয়ে প্রাচীন স্বাধীন প্রজাতন্ত্র- লাইবেরিয়া।
- আফ্রিকার মুক্তভূমি বলা হয়- লাইবেরিয়াকে; লাইবেরিয়া শব্দের অর্থ- মুক্তভূমি।
- 'বাংলাদেশ স্কয়ার' রয়েছে- লাইবেরিয়াতে।
- লাইবেরিয়ার প্রথম নারী প্রেসিডেন্ট- অ্যালেন জনসন সারলিফ।
- আফ্রিকা মহাদেশের প্রথম নারী প্রেসিডেন্ট- অ্যালেন জনসন সারলিফ।
- লাইবেরিয়ার লৌহমানবী হিসেবে পরিচিত- অ্যালেন জনসন সারলিফ।

## নাইজেরিয়া

- আফ্রিকা মহাদেশের সবচেয়ে জনবহুল দেশ- নাইজেরিয়া।
- আফ্রিকার সর্বাধিক তেল সমৃদ্ধ দেশ- নাইজেরিয়া।
- 'বোকো হারাম' জঙ্গি গোষ্ঠীর অবস্থান- নাইজেরিয়ায়।

## শাদ

- শাদ দেশটির নামকরণ করা হয়েছে- শাদ হ্রদের নাম থেকে।

## সোমালিয়া

- বিশ্বের যে স্বাধীন দেশে কেন্দ্রীয় শাসক নেই- সোমালিয়া।
- সোমালিয়ায় ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দেয়- ১৯৯১ সালে।

## উগান্ডা

- স্বাধীনতা লাভ করে- ১৯৬২ সালে; যুক্তরাজ্য থেকে।
- উগান্ডার স্বৈরশাসক ছিলেন- ইদি আমিন।
- **Lords Resistance Army** যে দেশের গেরিলা সংগঠন- উগান্ডা।

## কেনিয়া

- 'মাও মাও' বিদ্রোহী দল- কেনিয়ার।
- কেনিয়া অবস্থিত- পূর্ব আফ্রিকায়।
- কেনিয়ায় বসবাসরত যোদ্ধা জাতি- মাসাই জাতি।

## জিম্বাবুয়ে

- জিম্বাবুয়ের প্রথম প্রধানমন্ত্রী- রবার্ট মুগাবে।


## মরিশাস

- মরিশাসের অধিকাংশ অধিবাসীরা- ভারতের বংশোদ্ভূত।
- মরিশাস অবস্থিত- ভারত মহাসাগরে।
- মরিশাসের প্রধান শিল্প- পর্যটন।
- আফ্রিকান যে দ্বীপটি পর্যটন শিল্পে সমৃদ্ধ- মরিশাস।

## মাদাগাস্কার

- মাদাগাস্কার স্বাধীনতা লাভ করে- ১৯৬০ সালে (ফ্রান্স এর কাছ থেকে)।
- মাদাগাস্কার দ্বীপটি প্রথম আবিষ্কার করে- পর্তুগিজ নাগরিক দিয়াগো দিয়াজ; ১৫০০ সালে।
- ভারত মহাসাগরের বৃহত্তম দ্বীপ- মাদাগাস্কার।






Scanned with CamScanner

## এই অধ্যায়ের সাথে জড়িত বিগত বছরের প্রশ্ন

১. নিম্নলিখিত কোন স্থানটি গাদ্দাফি-বিরোধী আন্দোলনের জন্য বিখ্যাত হয়েছিল? [DU ঘ' ১৭-১৮]
ক. ব্লু স্কয়ার খ. রাসেল স্কয়ার গ. গ্রিন স্কয়ার ঘ. তাহরির স্কয়ার

২. মুয়াম্মার গাদ্দাফি কত বছর লিবিয়া শাসন করেন? (DU ঘ' ১১-১২)
ক) ৪৫ বছর খ) ২৬ বছর গ) ৩৪ বছর ঘ) ৪২ বছর

৩. 'বাংলাদেশ স্কয়ার' অবস্থিত? [DU খ' ১৭-১৮]
ক) কঙ্গো খ) লাইবেরিয়া গ) হাইতি ঘ) চাদ

৪. আরব বসন্তের সূচনা হয়- (DU ঘ' ১৩-১৪, DU খ' ১২-১৩)
ক) ডিসেম্বর ২০১০, তিউনিশিয়ায় খ) মার্চ ২০১১, মরক্কোয়
গ) জানুয়ারি ২০১২, মিসরে ঘ) জুন ২০১২, বাহরাইনে

৫. আফ্রিকা মহাদেশের মানচিত্র **'Horns of Africa'** তে কোন দেশটি অবস্থিত? (DU ঘ' ৯৮-৯৯, 15 BCS)
ক) ইথিওপিয়া খ) নাইজেরিয়া গ) কেনিয়া ঘ) সুদান

৬. ইরিত্রিয়া কোন দেশের অংশ ছিল? (DU খ' ০৫-০৬)
ক) মরক্কো খ) ঘানা গ) মিশর ঘ) ইথিওপিয়া

৭. কোন দেশ থেকে 'আরব বসন্ত' এর সূচনা হয়? (44 BCS)
ক) মিশর খ) তিউনিশিয়া গ) লিবিয়া ঘ) সিরিয়া

৮. কোন বিদেশি রাষ্ট্রকে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে? (44, 41 BCS)
ক) রুয়ান্ডা খ) সিয়েরা লিয়ন গ) সুদান ঘ) লাইবেরিয়া

৯. উগান্ডা কবে স্বাধীনতা অর্জন করে? (ইবি C' ১৫-১৬)
ক) ১৯৬২ সালে খ) ১৯৬৩ সালে গ) ১৯৬০ সালে ঘ) ১৯৬১ সালে

১০. জনসংখ্যার দিক দিয়ে আফ্রিকার বৃহত্তম দেশ- (ববি ঘ' ১৩-১৪)
ক) মিশর খ) সুদান গ) নাইজেরিয়া ঘ) ঘানা

১১. **Which is the official name of Nigeria?** (জাহাবি C' ১৪-১৫)
ক) Republic of Nigeria খ) Federal Republic of Nigeria
গ) African State of Nigeria ঘ) African Union of Nigeria

১২. **Which of the following is a land locked country?** (FSIB-PO-14)
ক) Hong Kong খ) Afghanistan গ) Pakistan ঘ) Nigeria

১৩. লিবিয়া কোন মহাদেশ অবস্থিত? (পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার-১২)
ক) আফ্রিকা খ) এশিয়া গ) ইউরোপ ঘ) অস্ট্রেলিয়া

১৪. 'বেনগাজি' শহর কোথায় অবস্থিত? (সোনালী ব্যাংক সিনিয়র অফিসার-১৪)
ক) মিসর খ) লিবিয়া গ) সিরিয়া ঘ) ইরাক

**উত্তরমালা**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১. গ | ২. ঘ | ৩. খ | ৪. ক | ৫. ক | ৬. ঘ | ৭. খ | ৮. খ |
| ৯. ক | ১০. গ | ১১. খ | ১২. খ | ১৩. ক | ১৪. খ | | |



Scanned with CamScanner